দৈনিক জনকণ্ঠ

155

SEP 10 1999
তারিখ
পৃষ্ঠা ৬ কলাম ৪

## উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম ও পাঠসূচী এবং আরবী বই

শিক্ষাই জাতির মেরুদণ্ড। কোন জাতির উন্নতি তখনই সম্ভব যখন শিক্ষাক্রমের সঙ্গে আদর্শিক বিষয়াদি সংশ্লিষ্ট থাকে। শিক্ষাক্রমকে বলা হয় একটি শিক্ষা ব্যবস্থার হৃৎপিণ্ড বা কেন্দ্রবিন্দু। একটি শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের দিকনির্দেশনা পাওয়া যায় একটি সুষ্ঠু শিক্ষাক্রম থেকে। শিক্ষার বিষয়বস্তু ও পদ্ধতির উন্নতি ও আধুনিকীকরণ যদি কোন কারণে বিঘ্নিত, বিলম্বিত বা অবহেলিত হয় তবে শিক্ষা ব্যবস্থায় স্থবিরতার কারণ ঘটে এবং জাতীয় জীবনে অপূরণীয় ক্ষতিসাধিত হয়। তাই জাতীয় আদর্শ, সমকালীন জীবনের চাহিদা এবং ক্রমবর্ধমান জ্ঞান ও দক্ষতার আলোকে শিক্ষাক্রম ও পাঠ্যসূচীর সংস্কার, পরিবর্তন ও নবায়ন যে কোন শিক্ষা ব্যবস্থার গতিশীলতার জন্য অপরিহার্য, অনস্বীকার্য। উল্লেখ্য, ১৯৯৮-৯৯ সেশনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল বিষয়ের পাঠ্যক্রম পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন হয়েছে। জাতীয় শিক্ষাক্রমের আওতায় আরবী বইটিও পরিবর্তন হয়েছে। উচ্চ মাধ্যমিক পর্যায়ের অন্যান্য বই বাজারে প্রচুর পরিমাণে লক্ষ্য করা গেলেও অদ্যাবধি আরবী বই মুদ্রিত হয়েছে বলে আমাদের জানা নেই। শিক্ষা যেহেতু জাতির মেরুদণ্ড সেহেতু শিক্ষাকে আমরা শ্রদ্ধা করি। কিন্তু অতীব দুঃখের বিষয়, উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম ও পাঠ্যসূচী এক বছর আগে বাস্তবায়িত হলেও আরবী বিষয়ের কোন বই আমরা পাইনি। তাই পাঠদানে তথা ছাত্রছাত্রীদের শিক্ষায় চরম ব্যাঘাত ঘটছে। উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম ও পাঠ্যসূচী সম্পাদনা করে এ সম্পর্কিত একটি রিপোর্ট সরকারের নিকট পেশ করা হলেও আরবী বই কোন অজ্ঞাত কারণে মুদ্রিত হচ্ছে না তা আমাদের বোধগম্য নয়। আরবী উচ্চ মাধ্যমিক পর্যায়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়। এটা মানবিক বিভাগে তো আছেই, ইসলামী শিক্ষা বিভাগে আবশ্যিক একটি বিষয় যা ২০০ নম্বর নিশ্চিত করে। তাছাড়া নতুন সিলেবাস অনুযায়ী বিজ্ঞান বিভাগের কোন শিক্ষার্থীও আরবী অতিরিক্ত বিষয় হিসাবে পড়তে পারে। এখন কথা হলো, এমন একটি গুরুত্বপূর্ণ বিষয় যা ৩টি বিভাগের ছাত্রছাত্রীই তার শিক্ষার সাথে সংশ্লিষ্ট করতে পারে, এমন একটি বিষয় কেন আজও মুদ্রিত (!) হচ্ছে না, তা আমাদের বোধগম্য নয়।

তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন, অতি শীঘ্রই উচ্চ মাধ্যমিক আরবী বই মুদ্রিত করে শিক্ষার মান অটুট রাখার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হোক।

*মোঃ মোসলেম উদ্দীন,*
প্রভাষক (আরবী), পুঠিয়া ইসলামিয়া মহিলা ডিগ্রী কলেজ
ডাক+থানা-পুঠিয়া, জেলা-রাজশাহী।